

এমএসএস খবর

অক্টোবর, ২০২১ সংখ্যা



বগুড়ায় মানবিক সাহায্য সংস্থা (এমএসএস)-এর মাইক্রো ও স্কুল্য এন্টারপ্রাইজ (এমএসই) শাখা উদ্বোধন



বগুড়ার সদর উপজেলায় গত ১৮ অক্টোবর, ২০২১ মানবিক সাহায্য সংস্থা (এমএসএস)-এর ১৪৬তম মাইক্রো ও স্কুল্য এন্টারপ্রাইজ (এমএসই) শাখা উদ্বোধন করা হয়েছে। এ শাখার মাধ্যমে অত্র অঞ্চলের স্কুল উদ্যোজ্ঞদের বিভিন্নমুখী ব্যবসার প্রসার ঘটানো ও

উদ্যোজ্ঞ উন্নয়নকে গুরুত্ব দিয়ে অত্র অঞ্চলের সামগ্রিক অর্থনৈতিক প্রবৃদ্ধির লক্ষ্যে এ কার্যক্রম পরিচালনা করা হবে।

এ কার্যক্রমের আওতায় সংস্কারনাময় ও উদীয়মান উদ্যোজ্ঞদের চলমান ব্যবসায়ে চলতি মূলধন চাহিদা পূরণে প্রচেষ্টা চলানোর পাশাপাশি বাজার সংযোগ সৃষ্টিতে এমএসএস হতে প্রাতিষ্ঠানিক সহযোগিতা প্রদান করা হবে।

এমএসই শাখার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এমএসএস-এর প্রেসিডেন্ট জনাব ফিরোজ এম হাসান। বিশেষ অতিথি ছিলেন সংস্থার উপদেষ্টা জনাব তারিকুল গণি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এমএসএস-এর নির্বাহী পরিচালক জনাব মুনাওয়ার রেজা খান। এছাড়া অনুষ্ঠানে সংস্থাটির বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা এবং ছানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

NCC ব্যাংক ও মানবিক সাহায্য সংস্থা (এমএসএস)-এর মধ্যে ঋণ চুক্তি স্বাক্ষর



গত ১৩ অক্টোবর, ২০২১ তারিখে এনসিসি ব্যাংকের প্রধান কার্যালয়ে এনসিসি ব্যাংক ও মানবিক সাহায্য সংস্থা (এমএসএস)- এর মধ্যে কৃষি ঋণ ও মাইক্রো-এন্টারপ্রাইজ ঋণ বিতরণ বিষয়ক চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। এই চুক্তির আওতায় এমএসএস- কে

প্রাথমিকভাবে ২০ কোটি টাকার ঋণ সুবিধা প্রদান করবে এনসিসি ব্যাংক। ঋণের অর্থ এমএসএস- এর বিভিন্ন শাখার মাধ্যমে কৃষি ও মাইক্রো-এন্টারপ্রাইজ খাতে বিতরণ করা হবে।

এমএসএস- এর পক্ষে নির্বাহী পরিচালক মুনাওয়ার রেজা খান এবং এনসিসি ব্যাংকের পক্ষে ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মামদুদুর রশিদ এই চুক্তি স্বাক্ষর করেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উভয় প্রতিষ্ঠানের জ্যেষ্ঠ কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন। সম্পাদিত এই চুক্তি বাংলাদেশের কৃষি ও মাইক্রো-এন্টারপ্রাইজ খাতের উন্নয়নে ভূমিকা রাখবে বলে আশা প্রকাশ করেন সংশ্লিষ্টরা।

এমএসএস-এর ঋণ কার্যক্রমের মানোন্নয়নে বিভিন্নমুখী কৌশলগত পদক্ষেপ গ্রহণ বিশেষ সভা অনুষ্ঠিত



গত ১৪ অক্টোবর, ২০২১ মানবিক সাহায্য সংস্থা (এমএসএস)-এর ঋণ কার্যক্রমের ২০২১-২২ অর্থ বছরের বিভিন্ন পরিকল্পনা রিভিউ করা, স্টাফ পর্যায়ে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিশেষায়িত প্রশিক্ষণ পরিচালনা করা, নিরীক্ষা কার্যক্রম-কে অধিকতর গতিশীল করাসহ চলমান ঋণ কার্যক্রমের মানোন্নয়নে বিভিন্নমুখী

কৌশলগত পদক্ষেপ গ্রহণ বিষয়ক একটি বিশেষ সভা অনুষ্ঠিত হয়।

উক্ত সভায় বর্তমানে করোনাজনিত অস্থিতিশীল পরিস্থিতির উন্নয়ন ঘটায় সংস্থার ঋণ কার্যক্রমের ক্ষেত্রে পূর্বে গৃহীত পরিকল্পনা রিভিউ করে ২০২১-২২ অর্থ বছরের জন্য একটি বাস্তবসম্মত পরিকল্পনা প্রণয়ন ও তা চূড়ান্ত করা হয়। এছাড়া বর্তমান পরিস্থিতিতে সংস্থার চলমান ঋণ কার্যক্রমে উদ্যোজ্ঞ উন্নয়ন এবং কৃষি খাতকে বিশেষ গুরুত্ব দিয়ে যুগেয়োগী বিভিন্ন পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

উক্ত সভায় এমএসএস-এর প্রেসিডেন্ট জনাব ফিরোজ এম হাসান, উপদেষ্টা জনাব তারিকুল গণি, নির্বাহী পরিচালক জনাব মুনাওয়ার রেজা খান সহ সংস্থার উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

এমএসএস-এর ঋণ নিয়ে ব্যাগের ব্যবসায়ে নাজমার সাফল্য



মাত্র ১১ বছর বয়সেই অভাবের তাড়নায় পড়াশোনার পাট চুকাতে হয় নাজমা আক্তার সোনিয়াকে। ২০ বছর বয়সে বিয়ে হয়ে রাজধানীর ডেমরার সারলিয়ার ডগাই এলাকার বাসিন্দা মোঃ জাকির হোসাইনের সঙ্গে। নতুন জীবনে স্বচ্ছতার মুখ দেখার আশা নিয়ে সংসার শুরু করলেও অভাব যেন পিছু ছাড়ছিলো না নাজমা। এর মধ্যে এক পুত্র সন্তানের জন্ম দেন তিনি। একমাত্র সন্তানের ভরণপোষণ চালাতে গিয়ে হিমশিম থেতে হচ্ছিল নাজমা-জাকির দম্পত্তিকে। আর্থিক দৈন্য কাটিয়ে ঘুরে দাঁড়াতে ২০১৮ সালে মানবিক সাহায্য সংস্থা-এর 'মহিলা ঋণদান কর্মসূচি'-এর সঙ্গে যুক্ত হন নাজমা।

গত তিন বছরে দুইবার ঋণ নিয়ে নাজমা নিজেই ব্যাগের ব্যবসায় নেমে পড়েন। প্রচণ্ড অধ্যবসায়ের ফলে বর্তমানে তাঁর ব্যবসা থেকে মাসিক আয় আসে ৪০ থেকে ৫০ হাজার টাকা। ঋণের কিন্তু পরিশোধের পাশাপাশি তিনি প্রতি মাসে কিছু টাকাও সঞ্চয় করেন। নাজমাকে সহায়তা করতে তাঁর স্বামীও ব্যাগের ব্যবসা দেখাশোনা করেন। বর্তমানে তাঁর কারখানায় নিয়মিত বেতনে ২-৩ জন শ্রমিক কাজ করছেন। এছাড়া আগে নাজমা টিনের ঘরে বসবাস করলেও পরিবারের আয় বৃদ্ধি পাওয়ায় সেখানে পাকা বাড়ি তৈরির কাজ শুরু করেছেন।

ডেমরার কোনাপাড়ার ১৩২ নং শাখার সদস্য নাজমা বলেন, “আমি ব্যাগের ব্যবসাটি আরো সম্প্রসারণ করতে চাই। তাই আরো বড় পরিসরে ব্যবসা করার চিন্তা-ভাবনা করছি। এতে আমাদের সংসারে আর্থিক স্বচ্ছতার পাশাপাশি অনেকের কর্মসংস্থানেরও সুযোগ সৃষ্টি হবে। পরিবারে স্বচ্ছতা ফিরিয়ে আনতে সবসময় আমাদের পাশে থাকার জন্য এমএসএস-এর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি।”

এটি মানবিক সাহায্য সংস্থার মিডিয়া অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স ইউনিটের একটি প্রকাশনা
সেল সেন্টার (৪র্থ তলা), ২৯ পাটিম পাটপথ, ঢাকা -১২০৫